গাংনী উপজেলা আওয়ামীলীগের বিজয় দিবস উদযাপন

গাংনী উপজেলা আওয়ামীলীগের উদ্যোগে বিজয় দিবস উদযাপন উপলক্ষে নানা কর্মসুচী পালিত হয়েছে। আজ শনিবার(১৬ ডিসেম্বর) সকাল ৮টার সময় গাংনী বাজার বাসস্ট্যান্ডের শহীদ রেজাউল চত্বরে জাতীয় পতাকা ও দলীয় পতাকা উত্তোলনের মাধ্য দিয়ে কর্মসুচির শুরু করে উপজেলা আওয়ামীলীগ।

গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি মো‏হাম্মদ সাহিদুজ্জামান খোকনের নেতৃত্বে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন শেষে একটি বিশাল বিজয় র্যালী শহীদ রেজাউল চত্বর থেকে বের হয়ে শহরের গুরুত্বপুর্ণ সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে শহীদদেও স্মরনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন ও সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুলসহ অনেকে।

এসময় গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুলসহ যুবলীগ,ছাত্রলীগ,কৃষকলীগসহ অংগ সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনী উপজেলা আওয়ামীলীগের স্বতন্ত্র প্রার্থী মকলেছুর রহমান মুকুল

গাংনী উপজেলা আওয়ামীলীগের উদ্যোগে বিভিন্ন ইউনিয়ন ও পৌর আওয়ামী লীগের সভাপতি সম্পাদকদের নিয়ে বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার দুপুরে তালিমুল কোরআন ইসলামী একাডেমি মাদ্রাসার

সামনে উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও মেহেরপুর ২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকনের সভাপতিত্বে এবং পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবুর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মকলেছুর রহমান মুকুল, সাবেক পৌর মেয়র আশরাফুল ইসলাম, উপজেলা আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম, মনিরুজ্জামান মাস্টার সহ ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও সাধারণ সম্পাদক সহ আওয়ামী লীগের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে গাংনী উপজেলা আওয়ামীলীগের পক্ষ থেকে স্বতন্ত্র প্রার্থী হিসেবে উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মকলেছুর রহমান মুকুলকে আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থী হিসেবে ঘোষণা করা হয়।

জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক বলেন,দলীয়ভাবে যে প্রার্থী দেয়া হয়েছে তাকে দলের এবং জনগণ কেউ চেনেনা বা তার সম্পর্কে জানেনা ভোটারটা। সেইজন্য উপজেলা আওয়ামীলীগের পক্ষ থেকে যে প্রার্থী ঘোষণা করা হয়েছে আমার পক্ষ থেকে নৈতিক সমর্থন থাকবে তার জন্য তবে জেলা আওয়ামী লীগের সভাপতি ও কেন্দ্রীয় সাধারণ সম্পাদকের সাথে আলাপ করে আমি সরাসরি কাজ করবো কিনা সেটা তখন জানাবো। ইউনিয়ন পর্যায়ের সভাপতি ও সাধারণ সম্পাদকরা প্রত্যেকে মকলেছুর রহমান মুকুল কে সমর্থন প্রদান করেন।

গাংনীতে উপজেলা আওয়ামীলীগের বিক্ষোভ মিছিল

গাংনীতে বিএনপি জামায়াতের নৈরাজ্যের প্রতিবাদে এবং সারা দেশে বিএনপির ডাকা হরতালে প্রতিবাদে বিক্ষোভ মিসিল ও সমাবেশ করেছে উপজেলা আওয়ামীলীগ।

গতকাল শনিবার সন্ধায় একটি বিক্ষোভ মিছিল গাংনী বাজার বাস স্ট্য্যান্ড থেকে বের হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে শেষ হয়। কিক্ষোভ মিছিলের নেতৃত্ব দেন মেহেরপুর -২ আসনের সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

বিক্ষোভ মিছিল শেষে গাংনী বাস স্ট্যান্ড মোড়ে সমাবেশ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিএনপি জামায়াতের নৈরাজ্য ও জ্বালাও পোড়াও বন্ধের দাবী করেন। সেই সাথে বিরোধীদের নৈরাজ্য বন্ধে সকল নেতা কর্মীদের রুখে দাঁড়ানোর আহবান জানান। এসময় উপজেলা আওয়ামীলীগের বিভিন্ন নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

এর আগে শনিবার সকালে গাংনী উপজেলা স্বেচ্ছা সেবক লীগের নেতাকর্মীরা একটি মোটর সাইকেল শোডাউন করেন। শো-ডাউনটি গাংনী উপজেলার বিভিন্ন এলাকায় মোহড়া দেয়।

কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগে শান্তি সমাবেশ অনুষ্ঠিত

আওয়ামী লীগ সরকার দেশের যে উন্নয়ন করেছে অন্যেরা তা স্বপ্নেও দেখবে না। দেশের উন্নয়ন দেখে বিএনপি জামাত দিশেহারা হয়ে পড়েছে। মাছ না পেয়ে ছিপে কামড় খাচ্ছে তারা। বিএনপি জামাতের অগ্নি সন্ত্রাস ও নৈরাজ্যের প্রতিবাদে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের উদ্দগে শান্তি সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলে ঝিনাইদহ-৩ আসনের জাতীয় সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল।

তিনি আরও বলেন, দেশব্যাপী বিএনপি-জামায়াতের নৈরাজ্য ও অগ্নিসন্ত্রাস রুখে দিতে আওয়ামী লীগ রাজপথে থাকবে। কোনোভাবেই তাদেরকে সাধারণ মানুষের জানমালের ক্ষতি করার সুযোগ দেওয়া হবে না।বিএনপি-জামায়াতের নৈরাজ্য ও অগ্নিসন্ত্রাস প্রতিহত করে এবং জনগণের সমর্থন নিয়েই জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে আগামী জাতীয় সংসদ নির্বাচনে আবারও আওয়ামী লীগ সরকার গঠন করবে ও উন্নয়নের ধারা

অব্যাহত থাকবে।

আজ বুধবার (১৮ অক্টোবর) বিকেলে পৌর শহরের আখ সেন্টার মোড়ে সনি আবাসিকের সামনে শান্তি সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশ শেষে বিক্ষোভ মিছিল বের হয়ে শহরের বিভিন্ন দিক প্রদক্ষিণ করে একি স্থানে এসে সমাপ্ত হয়।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি নূরুল ইসলাম খান বাবলু, সহ-সভাপতি ফারজেল হোসেন মন্ডল, সহ-সভাপতি লুৎফর রহমান, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, বীর মুক্তি যোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম, পৌর আওয়ামিলীগের সভাপতি কাজী আলমগীর, সাধারণ সম্পাদক রিপন মন্ডল, সাবেক যুবলীগ সভাপতি মীর কাশেম, পৌর সভার প্যানেল মেয়র ও পৌর সেচ্ছাসেবক লীগের আহ্বায়ক জাহিদ হোসেন, এলাঙ্গী ইউনিয়ন চেয়ারম্যান মিজানুর রহমান খান, বলুহর ইউনিয়ন চেয়ারম্যান নজরুল ইসলাম প্রমুখ। সে সময় সরকারের পক্ষে বিভিন্ন স্লোগানে স্লোগানে শহর মুখরিত করে তোলেন নেতা কর্মীরা।

এ ছাড়াও উপজেলা আওয়ামী লীগ, পৌর আওয়ামিলীগ, যুবলীগ, ছাত্রলীগ, স্বেচ্ছাসেবক লীগ, শ্রমিক লীগেসহ সকল অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনী উপজেলা আওয়ামীলীগের উদ্যোগে শোক র্যালি

নানা আয়োজনের মধ্য দিয়ে বঙ্গবন্ধুর শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করেছে গাংনী উপজেলা আওয়ামীলীগ।
আয়োজনের মধ্য ছিল গাংনী বাসস্ট্যান্ড শহীদ রেজাউল চত্তরে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলণ, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পার্ঘ অর্পণ, শোক র্যালি, আলোচনা সভা, মিলাদ মাহফিল ও কাঙ্গালী ভোজ।

গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ

সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের নেতৃত্বে গাংনীতে স্বরণকালের সর্ববৃহৎ শোক র্যালি অনুষ্ঠিত হয়।

এর আগে উপজেলা আওয়ামী লীগের পক্ষ থেকে গাংনী বাসস্ট্যান্ডের শহীদ রেজাউল চত্বরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের সভাপতিত্বে অনুষ্ঠিত শোক দিবসের আলোচনা সভায় বক্তব্য রাখেন গাংনী উপজেলা আওয়ামীলীগের সাবেক সাংগাঠনিক সম্পাদক নজরুল ইসলাম, গাংনী পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলাম, জেলা ছাত্রলীগের সাবেক সহসভাপতি ও তরুণ রাজনীতিক শাহিদুজ্জামান শিপু।

এসময় উপস্থিত ছিলেন, তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহম্মেদ, কাথুলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল, এমপি পত্নি ও মহিলা আওয়ামীলীগের নেত্রী লাইলা আরজুমান বানু, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইসচেয়ারম্যান ফারহানা ইয়াসমীন, আওয়ামীলীগ নেত্রী আল্পনা, ধানখোলা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আলী আজগর, কাথুলি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোজাম্মেল হক, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মুনতাছির জামান মৃদুল।

এসময় উপস্থিত ছিলেন আওয়ামী লীগ ও তার অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ। শোক র্যালি শেষে গাংনী পাইলট স্কুল এন্ড কলেজ প্রাঙ্গণে মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়। মিলাদ শেষে কাঙ্গালী ভোজের আয়োজন করা হয়।

মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের বিক্ষোভ মিছিল

বাংলাদেশের প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনাকে কটুক্তি ও হত্যার হুমকির প্রতিবাদে মুজিবনগর উপজেলা আওয়ামীলীগ বিক্ষোভ মিছিল করেছে ।

আজ সোমবার বিকালে উপজেলা আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের উদ্যোগে মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের নেতৃত্বে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সামনে থেকে বিক্ষোভ মিছিলটি বের হয়ে শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে।

বিক্ষোভ মিছিল উপস্থিত ছিলেন, জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলু, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ুব হোসেন, মোনাখালি ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান, উপজেলা যুব মহিলালীগের সভাপতি তকলিমা খাতুন, সাধারণ সম্পাদক তহমিনা খাতুন, ইয়ং বাংলা ফিউচার লিডার মুজিবনগর উপজেলা সভাপতি হাসানুজামান লালটু সহ আওয়ামীলীগ,, যুবলীগ যুবমহিলা লীগ, কৃষকলীগ,, স্বেচ্ছাসেবক লীগ ছাত্রলীগ সহ আ’লীগের অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

উল্লেখ্য, গত ১৯ মে রাজশাহীর পুঠিয়া উপজেলায় এক সমাবেশে বিএনপির আহবায়ক আবু সাঈদ চাঁদ প্রধানমন্ত্রীকে কবরস্থানে পাঠাতে হবে বলে হুমকি দেন। যাহা হত্যার হুমকির সামিল। অনতিবিলম্বে প্রধানমন্ত্রীকে হত্যার হুমকিদাতাকে আইনের আওতায় আনার দাবীতে মুজিবনগরে এই বিক্ষোভ মিছিল করা হয়েছে।

কোটচাঁদপুরে উপজেলা আওয়ামীলীগের মত বিনিময় ও ঈদ উপহার বিতরণ

কোটচাঁদপুরে উপজেলা আওয়ামীলীগের তৃণমূল নেতা কর্মী দের সাথে মত বিনিময় ও ঈদ উপহার বিতরণ করা হয়েছে।

বুধবার সকালে উপজেলা আওয়ামীলীগের দলীয় কার্যালয়ে ঈদ উপহার হিসেবে শাড়ী, লুঙ্গী,থ্রি-পিচ ও পাঞ্জাবি বিতরণ করা হয়।

ঈদ উপহার বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা আওয়ামীলীগের সিনিয়র সহ-সভাপতি নূরুল ইসলাম খান বাবলু।

ঈদ উপহার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ (৩) আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল। অনুষ্ঠান সঞ্চালনা করেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের সহ-সভাপতি ফারজেল হোসেন মন্ডল, সহ-সভাপতি লুৎফর রহমান, বীর মুক্তি যোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম,উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, পৌর সভার প্যানেল মেয়র ও সেচ্ছাসেবক লীগের আহ্বায়ক জাহিদ হোসেন, এলাঙ্গী ইউনিয়ন চেয়ারম্যান মিজানুর রহমান খান ,কুশানা,ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল হান্নান, বলুহর ইউনিয়ন চেয়ারম্যান নজরুল ইসলাম, সাংবাদিক ইসমাইল হোসেন, ছাত্র লীগ নেতা, প্রদীপ কুমার, স্বেচ্ছাসেবক লীগ নেতা লিমন প্রমুখ।

এসময় আওয়ামীলীগ, যুব লীগ, ছাত্র লীগ,স্বেচ্ছাসেবকলীগ, মহিলা আওয়ামীলীগ সহ সকল অঙ্গ সংগঠনে তৃণমূল পর্যায়ের নেতা কর্মী বৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনী উপজেলা আওয়ামীলীগের উদ্যোগে জেলহত্যা দিবস পালিত

গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুলের উদ্যোগে জেলহত্যা দিবস পালিত হয়েছে।
দিবসটি পালন উপলক্ষে আজ ৩ সেপ্টেম্বর বিকেলে আলোচনা সভা ও দোয়া মহাফিল অনুষ্ঠিত হয়।

ধানখোলা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আলী আজগরের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক মোখলেছুর রহমান মুকুল। সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুলের নিজ বাসভবনে অনুষ্ঠিত আলোচনা